

সার্কে সম্মিলিত সামরিক কাঠামোর প্রস্তাব ইনুর

যায়দিন রিপোর্ট

আণবিক অস্ত্রমুক্ত দক্ষিণ এশিয়া প্রতিষ্ঠায় সার্কেভুক্ত দেশগুলোর মধ্যে একটি 'সম্মিলিত সামরিক কাঠামো' প্রয়োজন বলে মতবা করেছেন তথ্যমন্ত্রী হাসানুল হক ইনু। শুক্রবার সকালে রাজধানীর ডিগ্রামা ইন্সটিটিউট ইন্সটিটিউটে বাংলাদেশ শান্তি পরিষদের বর্ষিক সভায় জাতীয় সমাজতান্ত্রিক দলের (জাসদ) সভাপতি ইনু এ মতবা করেন।

তিনি বলেন, দক্ষিণ এশিয়া আঞ্চলিক সহযোগিতা সংস্থা (সার্ক) গঠনের পর সবাই ভেবেছিল এ অঞ্চলে শান্তি প্রতিষ্ঠিত হবে। কিন্তু এ অঞ্চলের দুই বৃহৎ পরাশক্তি পাকিস্তান ও ভারত আণবিক বোমা ফাটতে জানান দিল তারা প্রস্তুত। এই সামরিক প্রতিযোগিতা থেকে বেরিয়ে আসতে 'আণবিক অস্ত্রমুক্ত দক্ষিণ এশিয়া' গড়ার ওপর জোর দেন তিনি। তিনি বলেন, 'আর এর জন্য প্রয়োজন এ অঞ্চলের জন্য একটি সম্মিলিত সামরিক কাঠামো।'

নতুনসবাদের বিরুদ্ধে যুক্তরাষ্ট্রের কথিত 'যুদ্ধের

সমালোচনা করে তিনি বলেন, এ যুদ্ধ মূলত তেল খনি দিবলে রাখার যুদ্ধ, ক্ষমতার দ্বন্দ্ব তৈরির যুদ্ধ। দেশে শান্তি ফিরিয়ে আনতে জঙ্গিবাদকে সমূলে ধ্বংস করা প্রয়োজন বলেও ইনু মতবা করেন। বাংলাদেশের 'ওয়াকার্ন' পার্টির সভাপতি রাশেদ খান মেনন বলেন, 'এশিয়া-প্যাসিফিক রণকৌশলের ঝগড়া' হিসেবে বাংলাদেশকে ব্যবহার করতে চায় আমেরিকা। ইতোমধ্যে দুই দেশের মধ্যে এ সংক্রান্ত দুটি সংলাপও হয়েছে।

তিনি বলেন, এশিয়া হঠাৎ অশান্ত হয়ে উঠছে। চীনের রণতরী এখন জাপানের সীমানায়। সময় এসেছে মানুষকে সচেতন করার। সব সামাজিক ও রাজনৈতিক সংগঠনকে একজোট করে এ বিষয়ে পদক্ষেপ নেয়া প্রয়োজন বলেও তিনি মত দেন। যুদ্ধাপরাধীদের বিচার নিয়ে আন্তর্জাতিক অঙ্গনে প্রচার চালাতে সরকারকে পরামর্শ দেন মেনন। মোজাম্মফর হোসেন পপ্টের সভাপতিত্বে এ সভায় মূল প্রবন্ধ পাঠ করেন রাগিব হোসেন মুন্না।